তারিখ : 16 NOV 2016
পৃষ্ঠা ০৭ কলাম ১

দৈনিক
ইত্তেফাক

# ফতুল্লা ছাত্রলীগে সৃষ্টি হচ্ছে না নতুন নেতৃত্ব!

■ হাবিবুর রহমান বাদল, নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জের ফতুল্লা থানা ছাত্রলীগের কমিটি নিয়ে থেমে নেই আলোচনা-সমালোচনা। দীর্ঘ এক যুগ ধরে কমিটি না হওয়ায় সৃষ্টি হচ্ছে না নতুন নেতৃত্ব। নতুন করে ছাত্রলীগের কমিটি না হওয়ায় তরুণ নেতা-কর্মীদের মধ্যে বিরাজ করছে চরম হতাশা আর ক্ষোভ। এতে সাংগঠনিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে সংগঠনটি।

এক যুগ আগে আবু মো. শরীফুল হককে সভাপতি এবং আব্দুল মান্নানকে সাধারণ সম্পাদক করে ফতুল্লা থানা ছাত্রলীগের কমিটি গঠন করা হয়। দীর্ঘদিন কমিটি না হওয়ায় প্রকৃত ছাত্রদের অবমূল্যায়ন করায় ছাত্রলীগ ত্যাগ করছে তরুণরা।

এদিকে ফতুল্লার পাঁচটি ইউনিয়নে সৃষ্টি হয়েছে বিশৃঙ্খলা। ইউনিয়ন পর্যায়ে ছাত্রলীগের নাম ব্যবহার করে সন্ত্রাসী কার্যকলাপ চালিয়ে যাচ্ছে একটি চক্র। আর ওই চক্রটি রয়েছে কুতুবপুর, এনায়েতনগর ও কাশীপুরে। কাশীপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি পরিচয়ে আল-আমিন বেপরোয়া হয়ে উঠেছে, একই অবস্থা কুতুবপুরের ইমরানের ক্ষেত্রে। কিছুদিন আগেও ইমরান গ্রুপের সঙ্গে সন্ত্রাসী মীরু বাহিনীর ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। অপরদিকে কাশিপুরে আল-আমিনের মতো অনেকেই ওয়ার্ডের সভাপতি ও সম্পাদক পরিচয় দিয়ে আসছে। তবে কে এই কমিটি দিচ্ছে তা নিয়ে রয়েছে নানা প্রশ্ন। আবার অনেকেই অতীতে ছাত্রদল, ছাত্র শিবির, ছাত্র আন্দোলনের মতো অন্য সংগঠন করলেও তারা এখন ছাত্রলীগ নেতা পরিচয় দিচ্ছে। এতে যারা দীর্ঘদিন ধরে ছাত্রলীগের রাজনীতি করে আসছেন তারা পিছনে পড়ে যাচ্ছেন। কেউ কেউ বড় ভাই, মামা, চাচা, খালু আর দুলাভাইয়ের ক্ষমতায় ছাত্রলীগ নেতা পরিচয় দিচ্ছে। তবে অন্য কেউ ছাত্রলীগের কমিটি দেওয়ার অধিকার নেই বলে জানিয়েছেন জেলা ছাত্রলীগের সভাপতি শেখ সাফায়েত আলম সানি। তিনি বলেন, ছাত্রলীগের কমিটি দেওয়ার অধিকার শুধু ছাত্রলীগের শীর্ষ নেতাদের। আর কমিটির অনুমোদন ছাড়া কেউ নিজেকে সভাপতি বা নেতা পরিচয় দিতে পারবে না। যারা পরিচয় দেবে তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেব।

আর ফতুল্লা থানা ছাত্রলীগ কমিটি প্রসঙ্গে জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান সুজন বলেন, সংসদ সদস্য শামীম ওসমানের নির্দেশনায় অচিরেই ফতুল্লা থানা ছাত্রলীগের নতুন কমিটি গঠন করা হবে। কোনো সন্ত্রাস ও চাঁদাবাজ ছাত্রলীগের কমিটিতে স্থান পাবে না। আর যারা ছাত্রলীগের পরিচয়ে অপকর্ম করছে তাদের চিহ্নিত করে ব্যবস্থা নেওয়া হবে।